**এখন আপনার নতুন জন্ম হয়েছে**

# ক্রিস ওয়াখিলোম

## অনুবাদ - স্নেহা ঘোষ

**শাস্ত্রের সমস্ত বাক্য কিং জেমস সংস্করণ থেকে নেওয়া হয়েছে, কিছু আলাদা থাকলে তা উল্লেখ করা হয়েছে।**

**দ্বিতীয় মুদ্রণ  ২০০৩**

**আই এস বি এন  ৯৭৮-৩৪৬৫৮-৭-২**

**ISBN  978-34658-7-2**

**Published by: LoveWorld Publishing**

**3, Adebayo Akande Street,**

**Oregun, Ikeja, Lagos, Nigeria.**

**Email: info@loveworldbooks.org**

**Website: www.loveworldbooks.org**

**INDIA:**

**Christ Embassy,**

**Plot No. 380/400, Behind Suvidhya School,**

**RSC 26, Gorai-2, Borivali (west)**

**Mumbai. Pin 400091**

**Ph: +91-9819840851, +91- 9930314701**

**ই-মেল - cec@christembassy.org**   **ওয়েবসাইট www.christembassy.org**

**সমস্ত স্বত্ব আইনবদ্ধ। LoveWorld Publishing- এর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের সম্পূর্ণ বা আংশিক কোনো অংশই প্রকাশ করা আইনত অপরাধ বলে স্বীকৃত হবে।**



## সূচীপত্র

১. আপনার আসল রূপ ৭

২. আপনি একটি নতুন সৃষ্টি ১১

৩. আপনার মধ্যে ঈশ্বরের প্রকৃতি এবং জীবন আছে ! ১৩

৪. আপনি ঈশ্বরের ধার্মিকতা ! ১৭

৫. আপনি ন্যায্য বলে আখ্যাত ! ১৯

৬. আপনি শুচিকৃত ! ২১

৭. আপনি নিষ্কৃত ! ২৩

৮. ঈশ্বরের আত্মা আপনার মধ্যে বাস করেন !   ২৫

৯. আপনি কী করেন যখন আপনার মনের মধ্যে ভুল চিন্তা আসে?   ২৭

১০. আপনি কী করেন যখন পুরোনো বন্ধুরা আপনাকে নিরুৎসাহিত করার চেষ্টা করে?  ৩৫

১১. আপনি কী করেন যখন নির্যাতন এবং কষ্ট আসে ?  ৪১

১২. পবিত্র আত্মা এবং আপনি !  ৪৭

১৩. আপনার কি অবশ্যই মন্ডলীতে যাওয়া উচিৎ ?   ৫৭

Page no.  4

Empty

**Page no.  5**

**পরম প্রিয়জন,**

আপনাদের শুভেচ্ছা জানাই অনন্ত পরিত্রাণের মত উপহারের জন্য যা আপনি বিনামূল্যে গ্রহণ করেছিলেন যখন যীশু খ্রীষ্টকে আপনার প্রভু এবং মুক্তিদাতা বলে স্বীকার করেছিলেন।

আমি আপনার সঙ্গে কিছু সত্য ভাগ করে নিতে চাই যা খ্রীষ্টিয় বিশ্বাসের সঙ্গে অপরিহার্য; সেই সত্য যার ওপর আপনি খ্রীষ্টে একটি দৃঢ় এবং প্রাণবন্ত জীবন গঠন করতে পারেন। এই বইটি খুব মনোযোগ দিয়ে পড়ুন এবং এটা আপনার জন্য একটি অনন্ত শষ্যক্ষেত্র তৈরি উৎপাদন করবে।

আমি প্রার্থনা করি যে ঈশ্বর আপনাকে জ্ঞানের আত্মা এবং তাঁর জ্ঞানে প্রকাশের আত্মা দান করুন; যেন আপনার বোধগম্যতার দৃষ্টি আলোকিত হয় এটা বোঝার জন্য যে কী মহান সেই আশা যেখানে তিনি আপনাকে আহ্বান করেছেন, এবং যেন আপনি জানতে পারেন যে খ্রীষ্টে আপনাকে সকলই বিনামূল্যে দেওয়া হয়েছে, আমেন।

এই বইটি আপনাকে খ্রীষ্ট যীশুতে আপনার নতুন জীবন শুরু করতে সাহায্য করবে। যখন আপনি এটা পাঠ করবেন, নিজের বাইবেল দেখবেন এবং নিজেই শাস্ত্র অধ্যয়ন করবেন।

Page no. 6

আমি বিশ্বাস করি যে এর মধ্যে বার্তা লেখা আছে তা আপনার জীবন পরিবর্তন করবে এবং ঈশ্বরের বাক্যের নীতিতে আপনার ভবিষ্যৎ নির্মিত হবে।

ঈশ্বর আপনাকে প্রচুর আশীর্বাদ করুন, যীশুর নামে, আমেন।

পাস্টার ক্রিস ওয়াখিলোম

Page no. 7

**আপনার আসল রূপ**

আপনি যে দেহকে দেখতে পান তার থেকে বেশী কিছু। আপনার চেতনায় (আপনার দেখা, শোনা, স্পর্শ, স্বাদ এবং গন্ধের চেতনা) যা কিছু ধরা পড়ে আপনি সেইসবের থেকেও বেশী কিছু। আপনার ভেতরে, সেখানে কিছু আছে, আসলে, কেউ একজন যে আপনার দেহের থেকেও বেশী। এটা আপনার মানব আত্মা, এবং সেটাই আসল আপনি।

এই অন্তঃস্থিত মানুষটা হল সেই একজন যাকে পবিত্র বাইবেল ১ পিতর ৩:৪-এ উদ্দেশ্য করে বলেছে : "**কিন্তু হৃদয়ের গুপ্ত মনুষ্য, মৃদু ও প্রশান্ত আত্মার অক্ষয় শোভা, তাহাদের ভূষণ হউক...**"

Page no. 8

যখন একটা মানুষের দেহের মৃত্যু হয়, তখন তার আত্মা জীবিত থাকে। সে মৃত্যুর আগে যেমন ছিল, তখনও তেমনই মানুষের মত থাকে; সে তার দৈহিক জগতের কাজ করার ক্ষমতা হারানো

ছাড়া আর অন্য কিছু হারায় না। তার দেহ হয়ত মৃত হয় কিন্তু আসল ব্যক্তিটা, সেই আত্মিক মানুষটার সমস্ত সচেতনতা একইরকম থাকে যা তার মৃত্যুর আগে ছিল।

যীশু খ্রীষ্ট লুকের ১৬ অধ্যায়ে দুই ব্যক্তির গল্প বলেছিলেন যারা মারা গেছিল। একজন লাসার নামের এক ভিখারী ছিল। এটা বিষয় নয় যে সে ভিখারী ছিল, কিন্তু বিষয় হল যদিও সে গরীব ছিল, তবুও তার একটি ধার্মিক হৃদয় ছিল। যখন সে মারা গেছিল, তাকে তখন অব্রাহামের ক্রোড়ে তুলে নেওয়া হয়েছিল। দ্বিতীয় লোকটিও মারা গেছিল। সেই লোকটি পৃথিবীতে ধনী ছিল, কিন্তু সে কোনো ধার্মিক জীবন যাপন করেনি।

খেয়াল রাখুন যে যখন সে মারা গেছিল, তার দেহ পৃথিবীতে কবর দেওয়া হয়েছিল, কিন্তু যীশু বলেছিলেন যে নরকে হয়েছিল, সে তার চোখ তুলে ওপরের দিকে তাকিয়েছিল এবং দেখেছিল লাসার অব্রাহামের কোলে রয়েছে এবং সে লাসারকে চিনতে পেরেছিল। এর মানে হল সে তখনও দেখতে পাচ্ছিল। তারপর সে অব্রাহামকে চিৎকার করে ডেকেছিল এবং বলেছিল, "আমার প্রতি দয়া করুন!"



আপনি দেখলেন, সে তখনও কথা বলতে পারছিল। অব্রাহাম তার সঙ্গে কথা বলেছিল এবং সে অব্রাহামের কন্ঠস্বর শুনতে পেয়েছিল, বোঝাচ্ছিল যে সে তখনও শুনতে পাচ্ছে।

ধনী লোকটি এটাও বলেছিল যে সে পিপাপিত, এবং সে শুধুই পিপাসিত ছিল না, সে যন্ত্রণাতে ছিল। তাই সে ভিক্ষা চেয়েছেইল, "**আমার প্রতি দয়া করুন, লাসারকে পাঠাইয়া দিউন, যেন সে অঙ্গুলির অগ্রভাগ জলে ডুবাইয়া আমার জিহ্বা শীতল করে।**" এখানে তাই আরোও একটি দেখার বিষয় হল - সে তখনও অনুভব করতে পারছিল।

তাঁর সমস্ত চেতনা তখনও অক্ষত ছিল। এমনকি, সে বিষয়গুলো মনেও করতে পারছিল কারণ সে বলেছিল, "দয়া করে, মৃতদের মধ্যে থেকে কাউকে আমাদের ভাইদের কাছে সুসমাচারের জন্য পাঠিয়ে দিন।" পৃথিবীতে থাকাকালীন তার পাঁচজন ভাই ছিল, তাই সে ভাবছিল, "**যদি মৃতদের মধ্যে থেকে কেউ তাদের কাছে যান তাহলে তারা তাঁকে বিশ্বাস করবে।**" সে তার ভাইদের স্মরণ করেছিল !

এটা আপনাকে জানাচ্ছে যে লোকটির আত্মা জীবিত। এবং যখন একজন ব্যক্তি নতুনজন্ম পায়, তখন আসলে তাঁর মানব আত্মা যে নতুনজন্ম লাভ করে!

২ করিন্থীয় ৫:১৭-১৮ বলে,

Page no. 10

"ফলতঃ কেহ যদি খ্রীষ্টে থাকে, তবে নূতন সৃষ্টি হইল; পুরাতন বিষয়গুলি অতীত হইয়াছে, দেখ, সেগুলি নূতন হইয়া উঠিয়াছে। আর, সকলই ঈশ্বর হইতে হইয়াছে; তিনি খ্রীষ্ট দ্বারা আপনার সহিত আমাদের সম্মিলন করিয়াছেন, এবং সম্মিলনের পরিচর্য্যা-পদ আমাদিগকে দিয়াছেন।"

Page no. 11

## আপনি একটি নতুন সৃষ্টি

এখন এই যে আপনি আপনার জীবন যীশু খ্রীষ্টকে দিয়েছেন এবং তাঁকে আপনার জীবনের প্রভু করেছেন, ফলত: আপনি আগে যা ছিলেন এখন আর তা নন। আপনি হয়ত বাইরে থেকে একইরকম দেখতে আছেন, কিন্তু ভেতর থেকে, আপনি একইসাথে একজন নতুন মানুষ। এটাই যা পবিত্র বাইবেল বলে। আপনি "নতুন সৃষ্টির মত নন", কিন্তু "একজন নতুন সৃষ্টি" - এক নতুন প্রজাতি যা আগে কখনো ছিল না (২ করিন্থীয় ৫:১৭)।

আপনি পুনঃনির্মিত, পুনর্গঠিত বা নতুনভাবে সজ্জিত নন; আপনি একজন নতুন সৃষ্টি - একইসাথে একজন নতুন মানুষ। যাইহোক, মূল বিষয় হল যে আপনি ভেতরে একজন নতুন সৃষ্টি মানেই এটা

নয় যে বাইরে, আপনাকে আলাদা দেখতে লাগবে। যদি আপনি নতুন জন্ম পাওয়ার আগে ছোটো করে চুল কেটে থাকেন, তাহলে স্টাইলটা একইরকম থাকবে। আপনার

Page no. 12

সেই একই চাকরি, পরিবার এবং প্রতিবেশী থাকবে।

অর্থাৎ আসল ব্যাপার হল যে, এখন আপনার মূল্য পরিবর্তিত হয়েছে। আপনার এক নতুন মূল্যবোধ রয়েছে কারণ ভেতর থেকে আপনি একজন নতুন মানুষ।

Page no. 13

## আপনার মধ্যে ঈশ্বরের প্রকৃতি এবং জীবন আছে !

নতুনজন্ম গ্রহণ করার ফলে, ঈশ্বর আপনাকে তাঁর সন্তান হওয়ার ক্ষমতা দিয়েছেন (যোহন ১:১২)। ঈশ্বরের প্রকৃতি আপনার মানব আত্মায় দান করা যায়। এখন আপনার একটা নতুন জীবন আছে; সেই জীবন যা যীশু খ্রীষ্ট সেই সকল মানুষ যারা তাঁকে বিশ্বাস করে তাদের জন্য উপলব্ধ করেছেন! কী অসাধারণ অধিকার! অতএব আপনি ঈশ্বরের প্রকৃতির একজন অংশীদার (২ পিতর ১:৩-৪)।

ঈশ্বর এখন আপনার পিতা! কীভাবে? জন্মের দ্বারা স্বভাব পুনর্গঠিত হয়; সেই কারণেই একটি কুকুর সর্বদা একটি কুকুরকেই জন্ম দেবে। এবং যোহন ১:১২-১৩ বলে, "**কিন্তু যত লোক তাঁহাকে গ্রহণ করিল, সেই সকলকে, যাহারা তাঁহার নামে বিশ্বাস করে তাহাদিগকে,**

**Page no. 14**

**তিনি ঈশ্বরের সন্তান হইবার ক্ষমতা দিলেন। তাহারা রক্ত হইতে নয়, মাংসের ইচ্ছা হইতে নয়, মানুষের ইচ্ছা হইতেও নয়, কিন্তু ঈশ্বর হইতে জাত।**"

আপনার প্রতি ঈশ্বরের পিতৃরূপ প্রবৃত্তি আছে। আপনি তাঁর পরিবারের একজন সদস্য, এবং সেই সাথে স্বর্গের একজন নাগরিক যেখানে তিনি বাস করেন।

ঈশ্বর আপনার জন্য দায়িত্বশীল। তিনি যীশুর খ্রীষ্টতে স্থিত গৌরবের অপর্যাপ্ত ধনের দ্বারা আপনার সমস্ত প্রয়োজন পূর্ণ করবেন (ফিলিপীয় ৪:১৯)। আপনার জীবনের জন্য তাঁর একটি সুন্দর পরিকল্পনা আছে, যা আপনার নতুনজন্ম গ্রহণের সময়তেই স্থির করা হয়েছিল। আপনি প্রেমিক ঈশ্বরের একজন ভালোবাসার সন্তান। তাঁর রাজ্যের সদস্য হওয়ার জন্য তিনি আপনাকে এই নতুন জীবন দিয়েছিলেন।

পবিত্র বাইবেল জানিয়েছে যে ঈশ্বর আপনাকে অনন্ত জীবন দিয়েছেন। এই হল সেই জীবন যা ঈশ্বরের মধ্যে আছে, যে তাঁর জন্য সম্ভব করেছে তাঁকে তাঁর মত হয়ে উঠতে। এটা হল ঈশ্বরের-ধরণের জীবন। এই জীবনটাই যীশু খ্রীষ্টকে আটকে রাখা কবরের জন্য অসম্ভব করেছিল। এটা হল পুনরুত্থানের জীবন, এবং এই জীবন এখন আপনার মধ্যে আছে!



"আর সেই সাক্ষ্য এই যে, ঈশ্বর আমাদিগকে অনন্ত জীবন দিয়াছেন, এবং সেই জীবন তাঁহার পুত্রে আছে। পুত্রকে যে পাইয়াছে সে সেই জীবন পাইয়াছে; ঈশ্বরের পুত্রকে যে পায় নাই, সে সেই জীবন পায় নাই। তোমরা যাহারা ঈশ্বরের পুত্রের নামে বিশ্বাস করিতেছ, আমি তোমাদিগকে এই সকল কথা লিখিলাম, যেন তোমরা জানিতে পার যে, তোমরা অনন্ত জীবন পাইয়াছ" (১ যোহন ৫:১১-১৩)।

এটা হল একমাত্র সেই ব্যক্তি যে তার জীবনে পুত্রকে পেয়েছে যাঁর এই জীবন আছে, কারণ এই জীবন আসলে ঈশ্বরের পুত্রের মধ্যে রয়েছে। যখন আপনি তাঁকে গ্রহণ করেছিলেন, আপনি এই জীবন গ্রহণ করেছিলেন।

এই জীবন যে কোনো পরিস্থিতির দ্বারা আপনার হেরে যাওয়াকে অসম্ভব করে। এটি সবসময় আপনাকে ওপরের দিকে রাখে। শুধু এইটা নিয়ে ভাবুন! ঈশ্বরের জন্য ধ্বংস হওয়া বা পরাজিত হওয়া অসম্ভব। এখন আপনার কাছে তাঁর জীবন আছে : আপনিও ধ্বংস হতে বা পরাজিত হতে

পারেন না, কারণ সেই একই আত্মা যে যীশুকে মৃতগণের মধ্য থেকে তুলেছিল সে আপনার মধ্যে বাস করে!

Page no. 16

Empty

Page no. 17

## আপনি ঈশ্বরের সত্যনিষ্ঠা

২ করিন্থীয় ৫:২১ বলে, "**যিনি পাপ জানেন নাই, তাঁহাকে তিনি আমাদের পক্ষে পাপস্বরূপ করিলেন, যেন আমরা তাঁহাতে ঈশ্বরের সত্যনিষ্ঠা-স্বরূপ হই।**"

কল্পনা করুন ঈশ্বর সেই কাজটা করছেন যাকে হয়ত আপনি "স্বভাব-প্রতিস্থাপন" বলেন। তিনি যীশুকে আমাদের জন্য পাপ (যা হল পাপের বলিদান) বলে গণ্য করেছিলেন, যেন আমরা তাঁর মধ্যে ঈশ্বরের সত্যনিষ্ঠা হই।

এটাই ছিল সেই বিষয় যা যীশুর জন্য আপনার স্থানে এক পাপীর মৃত্যু বরণ করাকে সম্ভব করেছিল। আর ফলাফল হল যে এখন আপনি ঈশ্বরের সামনে দোষের ভার, ভয় বা হীনমন্যতা ছাড়াই দাঁড়াতে পারেন (ইব্রীয় ১০:১৯, রোমীয় ৫:১)।

Page no. 18

Empty

Page no. 19

## আপনি নির্দোষ বলে আখ্যাত !

নির্দোষ বলে আখ্যাত হওয়ার অর্থ কী? এর অর্থ হল "নির্দোষ" বলে ঘোষিত হওয়া। যতক্ষণ ঈশ্বর আপনার বিষয়ে জড়িত, ততক্ষণ আপনি কোনো কিছুতেই দোষী নন। পবিত্র বাইবেল বলে, "অতএব বিশ্বাসহেতু ধার্ম্মিক গণিত হওয়াতে আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা আমরা ঈশ্বরের উদ্দেশে সন্ধি লাভ করিয়াছি" (রোমীয় ৫:১)। আপনি  নির্দোষ  বলে ঘোষিত!

যীশু আপনার পাপের জন্য শাস্তিগ্রহণ করেছিলেন যখন তিনি ক্রুশে মারা গেছিলেন, যদিও তিনি কোনো পাপের জন্য দোষী ছিলেন (১ পিতর ২:২২)। সেই কারণেই ঈশ্বর আপনার বিরুদ্ধে কোনো পাপ গণনা করেন না। পবিত্র বাইবেল বলে, "বস্তুতঃ ঈশ্বর খ্রীষ্টে আপনার সহিত জগতের সম্মিলন করাইয়া দিতে ছিলেন, তাহাদের অপরাধ সকল তাহাদের বলিয়া গণনা করিলেন না; এবং সেই সম্মিলনের বার্ত্তা আমাদিগকে সমর্পণ করিয়াছেন" (২ করিন্থীয় ৫:১৯)।



Empty



## আপনি শুচিকৃত!

এক মুহূর্তের জন্য মনে করা যাক যে আপনি একটি খালের মধ্যে পড়েছেন, আপনি প্রচন্ড নোংরা হয়ে গেছেন এবং কেউ একজন এলো আর আপনাকে উদ্ধার করল - এটাই হল "আপনাকে ডোবা থেকে উদ্ধার করা।" এরপরের যে বিষয়টি আপনাকে করতে হবে সেটা হল নিজেকে সম্পূর্ণরূপে পরিষ্কার করা। অন্য কথায়, "নিজের মধ্যে থেকে আবর্জনাগুলো বের করা," এবং এটর জন্যা সময় এবং প্রচেষ্টা দুটোই দরকার।

১ করিন্থীয় ৬:১১ বলে, "... কিন্তু তোমরা প্রভু যীশু খ্রীষ্টের নামে ও আমাদের ঈশ্বরের আত্মায় আপনাদিগকে ধৌত করিয়াছ, পবিত্রীকৃত হইয়াছ, ধার্ম্মিক গণিত হইয়াছ।"

শুচিকৃত হওয়ার দুটো ধাপে হয় : প্রথম, ঈশ্বর আপনাকে পাঁক থেকে উদ্ধার করেছেন, যার মানে

Page no.  22

হল আপনি নতুনজন্ম পেয়েছেন এবং সঙ্গে সঙ্গে, পবিত্র বাইবেল আপনাকে পবিত্রীকৃত ঘোষণা করেছে; ঈশ্বরের কাছে জগৎ থেকে বিচ্ছিন্ন হয়েছেন। তারপর আপনাকে ঈশ্বরের বাক্যের মাধ্যমে মনের শুদ্ধিকরণ (নূতনীকরণ) দ্বারা নিজের মধ্যে থেকে সমস্ত পাঁক বের করে ফেলতে হবে।

আপনার মনের নূতনীকরণ একটি অবিরাম পদ্ধতি। আপনার মন একটি পথেই চিন্তা করার প্রশিক্ষণ পেয়েছিল : বিশ্বাস করার আগে কোনো জিনিসকে দৃশ্যমান দেখা। এখন, আপনার মনের নূতনীকরণ দ্বারা আপনি নিজের মনকে ঈশ্বরের পদ্ধতিতে দেখার জন্য অনুমতি দিয়েছেন। আপনি আপনার মনকে পুনঃ-প্রশিক্ষণ দিয়েছেন যেন সবকিছু ঈশ্বরের দৃষ্টিতে দেখে। এরপর আপনি ঈশ্বরের বাক্য, ঈশ্বরের পদ্ধতিতে বলবেন এবং সেই ফলাফল পাবেন যেটি তিনি তাঁর বাক্য থেকে পান।

Page no.  23

## আপনি নিষ্কৃত!

"আর পিতার ধন্যবাদ কর, যিনি তোমাদিগকে দীপ্তিতে পবিত্রগণের অধিকারের অংশী হইবার উপযুক্ত করিয়াছেন। তিনিই আমাদিগকে অন্ধকারের কর্ত্তৃত্ব হইতে উদ্ধার করিয়া আপন প্রেমভূমি পুত্রের রাজ্যে আনয়ন করিয়াছেন" (কলসীয় ১:১২-১৩)।

যেই মুহূর্ত থেকে আপনি আপনার জীবন প্রভু যীশু খ্রীষ্টকে দিয়েছেন, সেই মুহূর্ত থেকেই আপনি ঈশ্বরের রাজ্যের একজন সদস্য হয়ে গেছেন। নরক থেকে বেরিয়ে আসা কোনো শয়তানই এখন আপনার ক্ষতি করতে পারবে না। জেনে বা না জেনে, জড়িয়ে পড়েছিলেন এমন কোনো চুক্তি থাকলে আপনি তার থেকেও মুক্ত। আপনাকে আটকে রেখেছিল এমন প্রত্যেকটি স্বভাব, পাপ, অসুস্থতা অথবা রোগ থেকেও আপনি মুক্ত। কেন? কারণ আপনি অন্ধকারের ক্ষমতা থেকে উদ্ধার পেয়েছেন!

Page no.  24

পবিত্র বাইবেল বলে যে ঈশ্বর আপনাকে অন্ধকারের নিয়ন্ত্রণ এবং কর্তৃত্ব থেকে উদ্ধার করেছেন এবং তাঁর রাজ্যে নিয়ে এসেছেন। আবার পুনরায় ভীত হওয়ার কিছু নেই। ঈশ্বর আপনার পালক এবং সুরক্ষার দৃষ্টি সর্দা আপনার ওপর থাকবে (গীতসংহিতা ২৩:১)।

পবিত্র বাইবেল বলে : **"অতএব পুত্র যদি তোমাদিগকে স্বাধীন করেন, তবে তোমরা প্রকৃতরূপে স্বাধীন হইবে" (যোহন ৮:৩৬)।** ঈশ্বর আপনাকে তাঁর রাজ্যে এনেছেন। সেই স্থান যেখানে আপনি এখন আছেন; সেই স্থান যেখানে আপনি বাস করেন। আপনি ইতিমধ্যেই অন্ধকারের ক্ষমতা থেকেও মুক্ত হয়ে গেছেন। লক্ষ্য করুন এটা অতীতকালে আছে - আপনি ইতিমধ্যেই অন্ধকারের ক্ষমতা থেকে মুক্ত হয়ে গেছেন!

Page no.  25

## ঈশ্বরের আত্মা আপনার মধ্যে বাস করে!

এই নতুন জীবনের আরোও একটি অসাধারণ বিষয় হল যে ঈশ্বরের আত্মার আপনার মধ্যে বাস করার জন্য নেমে এসেছেন। যেই মুহূর্তে ঈশ্বরের আত্মা আপনার মধ্যে নিজের স্থান গ্রহণ করেছেন, তিনি সেই মুহূর্তেই আপনাকে ঈশ্বরের বাক্যে আলোকিত করেছেন এবং বাক্যের এক নতুন বোধগম্যতা দিয়েছেন।

অতএব এখন যখন আপনি বাইবেল পাঠ করেন, আপনার নিজের আত্মায় একটি নতুন জ্ঞান থাকে; এটি আপনার জীবনে প্রযোজ্য হয়ে ওঠে।

অন্য আরোও একটি কাজ পবিত্র আত্মা করে থাকেন তা হল আপনাকে ঈশ্বরের বাক্য স্মরণ করানো (যোহন ১৪:২৬)। সেই সাথে, তিনি আপনাকে যীশু খ্রীষ্টের সুসমাচারের একজন কার্যকরী সাক্ষী হওয়ার জন্য শক্তি দান করেন।

Page no. 26

"কিন্তু পবিত্র আত্মা তোমাদের উপরে আসিলে তোমরা শক্তি প্রাপ্ত হইবে; আর তোমরা যিরূশালেমে, সমুদয় যিহূদীয়া ও শমরিয়া দেশে, এবং পৃথিবীর প্রান্ত পর্য্যন্ত আমার সাক্ষী হইবে" (প্রেরিত ১:৮)।

Page no. 27

## আপনি কী করেন যখন . . .

আপনার মনের মধ্যে ভুল চিন্তা আসে

নতুনজন্ম আপনাকে প্রলোভনে পড়া থেকে থামায় না, কিন্তু আপনার কোনোমতেই প্রলোভনের কাছে সমর্পিত হওয়া উচিৎ নয়। পবিত্র বাইবেল শেখায় যে কোনো সময় আমরা পরীক্ষায় পড়লেও, ঈশ্বর সর্বদা বেরনোর রাস্তা খুলে দেন (১ করিন্থীয় ১০:১৩)। সুতরাং যখন ভুল চিন্তা আপনার মনের মধ্যে আসে, তখন আপনি অবশ্যই :

(১) স্মরণ করুন যে আপনি একজন সৃষ্টি

এই চিন্তাগুলো আপনার কাছে একটা বাহ্যিক শক্তি হিসেবে, শয়তানের থেকে প্রলোভনের রূপে আসে। আপনি এগুলো নিজের মনে তৈরি করেননা, বিশেষত এখন আপনি নতুন জন্ম পেয়েছেন। পবিত্র বাইবেল বলে আমাদের (নতুন-জাত বিশ্বাসী) খ্রীষ্টের মানসিকতা আছে (১ করিন্থীয় ২:১৬)। আপনি অবশ্যই মনে রাখুন এখন আপনি কে, একজন নতুন সৃষ্টি! ঈশ্বর সবসময় চান

Page no.  28

আমরা মনে রাখি যে আমরা নতুন সৃষ্টি, এবং তিনি আমাদের যা দিয়েছেন তা হল সেই নতুন জীবন। এই নতুন জীবন হল সেই বিষয় যেটায় আপনাকে বিশ্বাস করতেই হবে।

(২) বাধ্যতায় চলুন

ঈশ্বরের বাধ্য হন! আমরা ধরে নিলাম যে খারাপ স্বভাবের একটি চিন্তা আপনার কাছে এসেছে। সেই খারাপ জিনিসটা করার জন্য আপনার ওপর প্রচুর চাপ রয়েছে; এমনকি আপনি হয়ত সেই ভুল কাজটা শুরু করার পর্যায়ে রয়েছেন। কিন্তু ঠিক তখনই যখন আপনি মনে করবেন যে

আপনি নতুন জন্ম পেয়েছেন; একজন নতুন মানুষ, আপনি হঠাৎ করেই সেটিকে বন্ধ করার মনোবল এবং সাহস পাবেন।

ঈশ্বরের বাধ্য থাকুন! দেখুন, নতুন জন্ম পাওয়া এটা বোঝায় না যে খারাপ চিন্তা আপনার কাছে আসবে না কিন্তু মূল বিষয়টি হল আপনাকে আটকে রাখার অনুমতি আপনার তাদেরকে দেওয়া উচিৎ নয়। সেগুলোকে অস্বীকার করুন! একজন সঠিক বলেছেন, "আপনি আপনার মাথার ওপর দিয়ে পাখিদের ওড়া বন্ধ করতে পরবেন না, কিন্তু সেখানে তাদের বাসা বানানো আপনি বন্ধ করতে পারেন।"



আপনি ওই চিন্তাগুলোকে আপনার কাছে আসা থেকে আটকাতে সমর্থ না হতেই পারেন কারণ সেগুলো হল বাহ্যিক শক্তি, কিন্তু সেগুলোকে আপনার মধ্যে বাস করা থেকে আটকাতেই পারেন। কখনো ভুল চিন্তাকে নিজের মধ্যে বাস করতে দেবেন না, কখনো সেগুলো আবার আপনার ওপর কর্তৃত্ব বা প্রভুত্ব করতে দেবেন না। সঠিক বিষয়ের চিন্তার দ্বারা আপনি সেগুলোকে থামাতে পারেন (ফিলিপীয় ৪:৮)।

ধরা যাক আপনি আপনি একজন মঞ্চ অভিনেতা বা শিল্পী ছিলেন এবং আপনাকে একজন নারীর অভিনয় করতে হত, আপনি আসলে একজন পুরুষ। আপনাকে নারীর পোষাক এবং পরচুল পরতে হত এবং অভিনয় আর কথা একজন নারীর মতই বলতে হয়, কিন্তু আপনি ভুলে যাবেন না যে অভিনয়ের শেষে আপনি একজন পুরুষই। আপনি স্টেজ থেকে নামেন এবং সাজঘরে ফিরে আসেন, পরিবর্তন করে নিজের পোষাক পরিধান করেন এবং রাস্তা দিয়ে হেঁটে যান। যখন আপনি সোমবার সকালে কাজে যান, আপনি ভুলে যান না যে আপনি আসলে একজন পুরুষ। আপনি সেরকমই কথা বলেন এবং সেরকমই জীবন যাপন করেন। এটা খুবই হাস্যকর হত যদি আপনি আপনার কাজে একজন নারীর মত কথা বলে বা আচরণ করে ফিরে যেতেন, ঠিক যেরকমভাবে আপনি রাতে মঞ্চে অভিনয় করেছিলেন।

Page no.  30

এই একই জিনিস এখন আপনার ওপর প্রযোজ্য। নতুন জন্ম পাওয়ার আগে আপনি ভুল পথে চলতেন, কিন্তু এখন আপনার একটি নতুন জীবন আছে। সেই নতুন জীবন সেই জীবন যেভাবে এখন আপনাকে বাঁচতে হবে। আপনি বহুবছর ধরে একজন নারীর চরিত্রে অভিনয় করে গেছেন আর আপনি নিজেকেই ভুলে গেছিলেন এবং সেইরকম বাস্তবেও করতে শুরু করেছিলেন। কিন্তু তারপর আবার আপনার মনে পড়েছে যে আসলে একজন পুরুষ এবং আপনি নিজেকে শুধরেনিয়েছেন। আপনি জেগে উঠেছেন এবং বলেছেন, " ওহ্, আমি একজন নারী নই; আমি মঞ্চে অভিনয়রত অবস্থায় নেই; আমাকে আসল হতে হবে!"

এটাই হল সেই উপায় যেভাবে আপনি আপনার খারাপ স্বভাব থামাতে পারেন। নিজেকে বলুন, "দেখ, আমি নতুন জন্ম পেয়েছি, সেটাই আমার আসল প্রকৃতি!" স্বভাবটা কোনো ব্যাপার নয়, যখন আপনি স্মরণ করেন (এবং আপনি স্মরণ করবেন), থেমে যান! নিজেকে বলুন, "আমি নতুন জন্ম পেয়েছি! এটা এখানেই থেমে যাক!"

পাপের চাকাকে এগিয়ে যেতে দেবেন না, এবং আপনার সাথে যুক্ত যেকোনো কাউকে বলতে লজ্জা পাবেন না, "ওহ্, আমি দুঃখিত আমি এটি করতে পারব না কারণ আমি নতুনজন্ম পেয়েছি।"

Page no.  31

ভালো স্বভাবের দ্বারা খারাপ স্বভাবকে প্রতিস্থাপন করে বেরিয়ে আসুন। দৃঢ়তার সঙ্গে এটা করুন। ঈশ্বরের বাক্য থেকে ঐশ্বরিক চরিত্রের বৈশিষ্ট্যগুলো খুঁজে বের করুন এবং অনুশীলনের মাধ্যমে নিজেকে সেগুলোতে প্রশিক্ষণ দিন।

(৩) বাক্যের কার্য্যকারী হন !

ঈশ্বর আমাদের কেবল শ্রোতামাত্র হিসেবে চান না কিন্তু বাক্যের কার্য্যকারী হিসেবে চান : "আর বাক্যের কার্য্যকারী হও, আপনাদিগকে ভুলাইয়া শ্রোতামাত্র হইও না। কেননা যে কেহ বাক্যের শ্রোতামাত্র, কার্য্যকারী নয়, সে এমন ব্যক্তির তুল্য, যে দর্পণে আপনার স্বাভাবিক মুখ দেখে; কারণ

সে আপনাকে দেখিল, চলিয়া গেল, আর সে কিরূপ লোক, তাহা তখনই ভুলিয়া গেল" (যাকোব ১:২২-২৪)।

আপনি তখনই একজন কার্য্যকারী হয়ে ওঠেন যখন আপনি বাক্য স্মরণ করেন এবং সেই অনুযায়ী কাজ করেন। আর আপনাকে এটা সবসমসয় মনে রাখতে হবে। পবিত্র আত্মা আমাদের মধ্যে যে কাজগুলো করেন এটা তার মধ্যে একটি। যীশু বলেছেন,



"কিন্তু সেই সহায়, পবিত্র আত্মা, যাঁহাকে পিতা আমার নামে পাঠাইয়া দিবেন, তিনি সকল বিষয়ে তোমাদিগকে শিক্ষা দিবেন, এবং আমি তোমাদিগকে যাহা যাহা বলিয়াছি, সে সকল স্মরণ করাইয়া দিবেন" (যোহন ১৪:২৬)।

পবিত্র আত্মা এখন এখানে থাকার জন্য ঈশ্বরকে ধন্যবাদ; তিনি আমাদের বাক্য স্মরণ করতে সাহায্য করেন! এখন, যখনই আপনি বাক্য স্মরণ করেন, তখন অবশ্যই সেইমত কাজ করুন। স্মরণ করার ব্যাপারে অস্থির হবেন না; পবিত্র আত্মা এটি আপনার স্মরণে আনবেন। কিন্তুআপনাকে অবশ্যই সবসময় প্রস্তুত থাকতে হবে তাঁর বাধ্য হওয়ার জন্য যখন তিনি এই সত্যগুলোকে আপনার মননে আনবেন।

### (৪) মনে রাখুন যে আপনার ওপর পাপ আর কর্তৃত্ব করবে না

আপনি অবশ্যই একটা জিনিস মনে রাখুন : ভুল চিন্তার কোনো ক্ষমতা নেই আপনার ওপর প্রভুত্ব অর্জন করার যদি না আপনি তাদের অনুমতি দেন।

"কেননা পাপ তোমাদের উপরে কর্ত্তৃত্ব করিবে না. . ." (রোমীয় ৬:১৪)।

পাপ আপনার ওপর আর প্রভুত্ব অর্জন করতে পারবে না। এটি আর ক্ষমতায় থাকবে না, কারণ আপনি ব্যবস্থার অধীন নন কিন্তু অনুগ্রহের অধীন। এটিই সেই বিষয় যা পবিত্র বাইবেল আপনার ব্যাপারে বলে।

ঈশ্বর আপনাকে পাপ এবং অন্ধকারের ক্ষমতা থেকে বের করে এনেছেন, এবং আপনাকে তাঁর রাজ্যে স্থানান্তরিত করেছেন : "আর পিতার ধন্যবাদ কর, যিনি তোমাদিগকে দীপ্তিতে পবিত্রগণের অধিকারের অংশী হইবার উপযুক্ত করিয়াছেন। তিনিই আমাদিগকে অন্ধকারের কর্ত্তৃত্ব হইতে উদ্ধার করিয়া আপন প্রেমভূমি পুত্রের রাজ্যে আনয়ন করিয়াছেন" (কলসীয় ১:১২-১৩)।

এই সেই জায়গা যেখানে আপনি এখন আছেন, কারণ আপনি নতুন জন্ম পেয়েছেন। এবং সেই কারণেই অন্ধকারের শক্তি আর আপনার ওপর কর্তৃত্ব করতে পারে না; তারা পাপের রাজত্বে রয়েছে কিন্তু আপনি ঈশ্বরের জীবনে রয়েছেন, যেটা পাপকে দমন করে। সুতরাং আপনি দেখুন, তাদের আর আপনার ওপর কোনো কর্তৃত্ব নেই।

কলসীয় ১:১৪ বলে, "ইহাঁতেই আমরা মুক্তি, পাপের মোচন, প্রাপ্ত হইয়াছি।" খ্রীষ্ট যীশুতে আমাদের মুক্তি আছে। এটাই আমাদের বর্তমান সময়ের অধিকার (ইফিষীয় ২:৫-৬)। আমরা এটা পাওয়ার চেষ্টা করছি না, এখন এটা আমাদের কাছে আছে! আমাদের অবশ্যই এই সচেতনতা ধরে রাখব এবং এটিতে আনন্দ করব।



## আপনি কী করেন যখন . . .

### পুরনো বন্ধুরা আপনাকে নিরুৎসাহিত করে ?

এখন আপনি নতুন জন্ম পেয়েছেন, আপনি একটি নতুন পরিবারের সদস্য। আপনি আপনার পুরনো পরিবারের সঙ্গে আর কোনোমতেই যুক্ত নন। এটার মানে এই নয় যে আপনি সেই পুরনো বন্ধুদের সম্পূর্ণভাবে বর্জন করবেন বা মেলামেশা বন্ধ করে দেবেন বা তাদের পরিত্যাগ করবেন।

আপনাকে তাদের কাছে আলো হতে হবে। তারা এখনো অন্ধকারে আছে, কারণ তাদের হৃদয়ে যীশু খ্রীষ্ট নেই। আপনাকে অবশ্যই মনে রাখতে হবে যে তাদের কাছে আপনি ঈশ্বরের আলো হয়ে উঠেছেন। তাদের সাথে সুসমাচার ভাগ করে নিন যেন তারাও যীশুকে অনুসরণ করতে পারে।

আপনি কী করেন যখন তারা আপনাকে নিরুৎসাহিত করার চেষ্টা করে? পবিত্র বাইবেল বলে যে



শেষ দিনগুলোতে বিদ্রুপকারীরা আসবে যারা তাদের ভাবনা অনুযায়ী সমস্ত ভুল কাজগুলো করবে এবং সত্যের প্রতি উপহাস করবে (২ পিতর ৩:৩-৪)।

বিদ্রুপকারী হল তারা যারা আপনাকে নিরুৎসাহিত করার চেষ্টা করে এবং আপনাকে পুরনো জীবনে টেনে নিয়ে যেতে চায় কিন্তু আপনি আবশ্যিকভাবে তাদের দ্বারা পরিচালিত হওয়াকে প্রত্যাখ্যান করুন। খ্রীষ্টের সাথে আপনার সহভাগিতার পথে তাদের এই মনোভাবকে থাকতে অনুমতি দিতে প্রত্যাখ্যান করুন। তাদের সঙ্গে "অসম জোয়াল" হতে প্রত্যাখ্যান করুন। তাদের পরামর্শ গ্রহণ করবে না। পরিবর্তে, ঈশ্বর এবং তাঁর বাক্যের প্রতি আপনার দৃঢ়তাকে যত্ন করুন।

## অসম সংযোজন

যান্ত্রিক কৃষিকাজের আগের সময়টাতে, একজন কৃষক দুটো পশুকে একসাথে বাঁধত, উদাহরণস্বরূপ, দুটো গাধা অথবা দুটো ষাঁড়, এবং একটা লাঙলে তাদের আটকাতো। সেই দুটো



পশু একসাথে জমি চাষ করত কারণ তারা একসাথে চলত। যেহেতু তারা একসাথে বাঁধা থাকত, তাই দুটো পশুকেই একই দিকে চলতে হত, যেদিকেই প্রথমটি যেত, দ্বিতীয়টিকেও সেইদিকেই যেতে হত। কৃষক তাদের পরিচালনা করত এবং তাদেরকে সেই একই দিকে যেতে হত, যতক্ষণ তারা ওই একই লাঙলে বাঁধা থাকত।

এখন যদি দুটোই গাধা হত, তাহলে এটাকে বলা হত একটা 'সম জোয়াল,' কিন্তু যদি একটি গাধা এবং অপরটি ষাঁড় হত, তাহলে এটাকে বলা হত 'অসম জোয়াল' (কারণ তারা একই প্রজাতির ছিল

না)। যদি আমরা কারোর সারে সংযুক্ত হই, তাহলে এটি অবশ্যই একটি 'সম জোয়াল' হওয়া উচিৎ, এইভাবে একজন খ্রীষ্টিয়ান এবং আরেকজন খ্রীষ্টিয়ান একসাথে সাহচর্যে চলে। কিন্তু যদি একজন খ্রীষ্টিয়ান এবং একজন অ-খ্রীষ্টিয়ান একসাথে সাহচর্যে থাকে, তাহলে তারা অসম জোয়ালে যুক্ত। এবং ঈশ্বর বলছেন, "তোমরা অবিশ্বাসীদের সহিত অসমভাবে যোঁয়ালিতে বদ্ধ হইও না" (২ করিন্থীয় ৬:১৪-১৬)।

সুতরাং আপনি দেখলেন, যদি আপনি এবং একজন অবিশ্বাসী সাহচর্যে থাকেন, একই জীবন যাপন করেন, তাহলে আপনি একটা অসম জোয়ালে রয়েছেন, এবং সেটা ভুল। ঈশ্বর চান না আপনি কোনো অসম জোয়ালে থাকুন, কিন্তু চান অন্য খ্রীষ্টিয়ানদের সঙ্গে সম জোয়ালে থাকুন, একই কাজ করুন। অবিশ্বাসীরা কখনো আপনার প্রিয় বন্ধু হতে পারে না। কোনো ব্যাপার নয় একজন



মানুষ কতটা ন্যায়পরায়ণ, যতক্ষণ না সে নতুন জন্ম লাভ করছে, সে কখনোই আপনার প্রিয় বন্ধু হতে পারে না।

এটা ঈশ্বরের কাছে সামনে অসম্ভব এবং অগ্রহণীয়, কারণ এটা একটা অসম সংযোগে রয়েছে। একজনের বিষয়ে আপনার ধারণা ঈশ্বরের ধারণার সাথে পরিমাপ কখনোই পরিমাপ করা যাবে না।

একবার, ঈশ্বর শমূয়েলকে যিশয়ের বাড়িতে পাঠিয়েছিলেন তাঁর পুত্রদের মধ্যে একজনকে ইস্রায়েলের রাজা হিসেবে অভিষেক করার জন্য (১ শমূয়েল ১৬:১-১৩)। যখন শমূয়েল যিশয়ের প্রথম পুত্র, ইলিয়াবকে দেখেন, শমূয়েল বলেন, "অবশ্য সদাপ্রভুর অভিষিক্ত ব্যক্তি তাঁহার সম্মুখে," কারণ সে সুস্বাস্থের অধিকারী, লম্বা এবং সুন্দর দেখতে ছিল। কিন্তু ঈশ্বর ভাববাদীর সাথে কথা বললেন এবং জানালেন, "তাকে অভিষেক কোরো না, কারণ আমি তাকে অগ্রাহ্য করলাম।" তারপর তিনি বলেন, " যেহেতু মনুষ্য প্রত্যক্ষ বিষয়ের প্রতি দৃষ্টি করে, কিন্তু সদাপ্রভু অন্তঃকরণের প্রতি দৃষ্টি করেন।" তাই কাউকে নিয়ে আপনার সর্বোচ্চ ধারণা কেবলই ওপরের ভাবমূর্তি দেখে

Page no. 39

হতে পারে - সে কী বলে, সে কেমন দেখতে, যে ভাবে সে চলে. . . আপনি তার ব্যাপারে সমস্ত ধারণা এগুলোর ওপরে ভিত্তি করেই করতে পারেন, কিন্তু আপনি দেখলেন, ঈশ্বরের অন্তরের ভাবমূর্তি দেখেন।

একজন যে নতুন জন্ম পায়নি তার কাছে ঈশ্বরের দৃষ্টিতে সঠিক আত্মা নেই। একমাত্র পথ যার দ্বারা সে ঈশ্বরের সঠিক হতে পারে তা হল নতুন জন্ম গ্রহণ করা। সেই ব্যক্তির আপনার প্রিয় বন্ধু হয়ে ওঠার এই হল একমাত্র সময়; যতক্ষণ না সে নতুন জন্ম পাচ্ছে, সে আপনার প্রিয় বন্ধু হতে পারে না; সে ঈশ্বরের মান্যতায় উত্তীর্ণ হয় নি তেমনটা হওয়ার জন্য। এখন যে আপনি নতুন জন্ম পেয়েছেন, আপনার ইচ্ছা হওয়া উচিৎ ঈশ্বরকে খুশি করা, সুতরাং আপনি আবশ্যিকভাবেই আপনার নিজের মাপকাঠি ব্যবহার করবেন না। এটা খুবই গুরুত্বপূর্ণ।

নিজের হৃদয় ঈশ্বরের নিজের করে রাখুন এবং তিনি আপনার প্রতি তার মাধ্যমে দৃষ্টি রাখবেন (১ করিন্থীয় ১০:১৩)।

**Page no. 40**

**Empty**

**Page no. 41**

## আপনি কী করেন যখন . . .

নির্যাতন এবং কষ্ট আসে ?

মার্ক ৪:১-৯ তে, যীশু আমাদের একজন বীজবপকের কাহিনী বলেছেন। লোকটি বীপন করছিল এবং কিছু পড়েছিল পাথুরে জমিতে, কিছু রুক্ষ জমিতে, কিছু কাঁটা ঝোঁপে এবং কিছু উর্বর ভালো

জমিতে পড়েছিল। ১৬ এবং ১৭ পদে, পবিত্র বাইবেল বলছে, "**আর সেইরূপ যাহারা পাষাণময় ভূমিতে উপ্ত, তাহারা এমন লোক, যাহারা বাক্যটী শুনিয়া তৎক্ষণাৎ আহ্লাদপূর্ব্বক গ্রহণ করে; আর তাহাদের অন্তরে মূল নাই, কিন্তু তাহারা অল্প কালমাত্র স্থির থাকে, পরে সেই বাক্য হেতু ক্লেশ কিম্বা তাড়না ঘটিলে তৎক্ষণাৎ বিঘ্ন পায়।**"

**Page no. 42**

তিনি তাদের ব্যাপারে বলছিলেন যাদের নিজেদের মধ্যে কোনো শেকড় নেই, এবং তাই কেবল কিছু সময়ের জন্য কষ্টভোগ করে। তিনি একইসঙ্গে সেই লোকদের কথাও বলছিলেন যারা অধীর আগ্রহে বাক্য গ্রহণ করে, যখন জগতের তরফ থেকে কষ্ট বা নির্যাতন আসে, তারা ক্ষুব্ধ হয়। এটা বিভিন্ন মানুষের সাথে ঘটে।

যীশু এখানে যা বলছেন তা হল যে এখানে এমন অনেক মানুষ আছে যাদের যীশুর প্রতি সত্যিই গভীর ভালোবাসা নেই। তারা ঈশ্বরের বাক্য নিয়ে উত্তেজিত কারণ সেখানে অনন্ত জীবন, আনন্দ এবং সমস্ত প্রার্থনার উত্তর দেওয়ার প্রতিজ্ঞা আছে, কিন্তু তাদের সত্যিই ঈশ্বরের জন্য গভীর ভালোবাসা নেই। তাই যখন নির্যাতন আসে, তারা সমর্পণ করে। এটা দুঃখজনক! যখন নির্যাতন এবং কষ্ট আসে, তখন যা আপনার করা উচিৎ তা হল বাক্য অনুসরণ করা :

(১) ঈশ্বরের জন্য অবশ্যই আপনার গভীর ভালোবাসা থাকা উচিৎ

ঈশ্বর চান তাঁর জন্য আপনার গভীর, দৃঢ় ভালোবাসা থাকুক। ভালোবাসা বৃদ্ধি বা হ্রাস হতে পারে। যত বেশী করে আপনি তাঁর বিষয়ে চিন্তা করবেন, তাঁর বাক্য শুনবেন এবং প্রার্থনায় তাঁর

Page no. 43

সঙ্গে সহভাগিতায় থাকবেন, তত বেশী করে আপনার মধ্যে তাঁর প্রতি ভালোবাসা বৃদ্ধি পাবে, কারণ যোগাযোগ বৃদ্ধির সঙ্গে সঙ্গে ভালোবাসাও বৃদ্ধি পায়। আপনি যত বেশী ঈশ্বরের সঙ্গে যুক্ত থাকবেন, তত বেশী আপনি ঈশ্বরকে ভালোবাসবেন। যত বেশী আপনি তাঁর বাক্য শুনবেন, যত বেশী আপনি তাঁকে চিনতে পারবেন এবং তাঁকে ভালোবাসবেন, এবং ফলস্বরূপ তত বেশী করেই আপনি তাঁকে গ্রহণ করবেন।

যখন আপনার কাছে ঈশ্বরের জন্য এই প্রবল ভালোবাসা থাকে, তাঁর বাক্য আপনার হৃদয়ে গেঁথে যায়, তাই যখনই আপনি কোনো পরিস্থিতির সম্মুখীন হন, আপনি জানেন ঈশ্বরের অবস্থান এ বিষয়ে সচেতন এবং আপনি সঙ্গে সঙ্গেই তার ওপর ঈশ্বরের উপস্থিতি ঘোষণা করতে পারেন।

পবিত্র বাইবেল বলে যে জীবন ও মৃত্যু জিহ্বার ক্ষমতার অধীন (হিতোপদেশ ১৮:২০-২১), এবং হৃদয় থেকে যা বেরিয়ে আসে মুখ সেটাই বলে (মথি ১২:৩৪-৩৫,৩৭)। যখন আপনি আপনার হৃদয় ঈশ্বরের বাক্যে পূর্ণ করেন, তখন পরিস্থিতি কোনো ব্যাপারই নয়, আপনি ঈশ্বরের দৃষ্টিতে সব জিনিসকে দেখবেন এবং সেরকমই কথা বলবেন। এবং এটা বাহিত হতে আসবে!



(২) কখনো হার স্বীকার করবেন না !

আপনার একদমই হার স্বীকার করা উচিৎ নয় যখন সমস্যা আসে! নতুনজন্ম পাওয়া এটা বোঝায় না যে সমস্যা কখনো আসবে না, এমনকি এটাও নয় যে সেখানে কোনো সমস্যাই থাকবে না। এটার সহজ অর্থ হল যে সমস্ত প্রতিকূলতার মুখে, সমস্ত সমস্যার উপস্থিতিতে, ঈশ্বর আপনাকে রক্ষা করবেন। যেমন গীতসংহিতা ২৩:৫-এ আছে, "তুমি আমার শত্রুগণের সাক্ষাতে আমার সম্মুখে মেজ সাজাইয়া থাক..." আপনি ঠিক হয়ত আপনার শত্রুদের উপস্থিতিতেই আছেন, কিন্তু তারা আপনাকে ধ্বংস করতে পারে না : নির্যাতন আপনার জীবন ধ্বংস করতে পারে না !

ঈশ্বর চান না আপনি পরাজয় স্বীকার করুন। আপনাকে অবশ্যই দৃঢ়ভাবে দাঁড়িয়ে থাকতে হবে! কোনো ব্যাপার নয় বিষয়গুলো দেখতে কতটা কঠিন বা সমস্যাজনক, কখনো হার স্বীকার করবেন না! ঈশ্বর আপনাকে সেগুলো থেকে বের করবেন, তাই ভেঙে পড়বেন না। তাঁর প্রতি বিশ্বস্ত থাকুন এবং তিনি কখনো আপনাকে হতাশ করবেন না বা আপনাকে ত্যাগ করবেন না। আপনি আপনার জীবনের সমস্ত অবস্থায় জয়ী হবেন, কারণ জয় আপনার সঙ্গে যুক্ত। যিশাইয়

৪৩:২ বলে যখন আপনি জলের মধ্যে যাবেন তখন তা আপনাকে ছাপিয়ে যাবে না এবং যখন আপনি আগুনের মধ্যে দিয়ে যাবে তা আপনাকে পোড়াবে না। যখন আপনি যীশু খ্রীষ্টকে অনুসরণকরেন, আপনার সমস্ত হৃদয় দিয়ে তাঁর সেবা করেন; তাঁকেই অনুসরণ করুন প্রতিকূলতার দিকে না দেখে।

**"কিন্তু ঈশ্বরের ধন্যবাদ হউক, তিনি আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা আমাদিগকে জয় প্রদান করেন। অতএব, হে আমার প্রিয় ভ্রাতৃগণ, সুস্থির হও, নিশ্চল হও, প্রভুর কার্য্যে সর্ব্বদা উপচিয়া পড়, কেননা তোমরা জান যে, প্রভুতে তোমাদের পরিশ্রম নিষ্ফল নয়" (১ করিন্থীয় ১৫:৫৭-৫৮)।**

**"কারণ যাহা কিছু ঈশ্বর হইতে জাত, তাহা জগৎকে জয় করে; এবং যে জয় জগৎকে জয় করিয়াছে, তাহা এই, আমাদের বিশ্বাস" (১ যোহন ৫:৪)।**

আপনি দেখলেন, ঈশ্বর আমাদের প্রভু যীশু খ্রীষ্টের মাধ্যমে বিজয় দিয়েছেন, তাই আমরা পরাজিত হতে পারি না। ১ যোহন ৫:৪ খুব মনোযোগ দিয়ে পাঠ করুন; এটা সেই জয়ের কথা বলছে যা



জগৎকে জয় করে, এবং সেটি হল আমাদের বিশ্বাস। বিশ্বাস দ্বারা বাঁচুন; আপনি একজন বিজয়ী, একজন পরাজিত নন। আপনি একজন বিজয়ী হয়ে জন্মেছেন, কারণ আপনি ঈশ্বর থেকে জাত। আপনি ঈশ্বরের বংশধর, তাঁর আত্মা থেকে জাত!



## পবিত্র আত্মা এবং আপনি

নতুন জন্ম পাওয়া, হল ঈশ্বরের আত্মা থেকে জাত হওয়া (১ করিন্থীয় ১২:১৩, যোহন ৩::৫-৮)। যখন আপনি নতুন জন্ম পেয়েছেন, পবিত্র আত্মা আপনার জীবনের অবিচ্ছেদ্য অংশ হয়ে গেছেন, তাই আপনার বুঝতে পারা প্রয়োজন তিনি কে এবং আপনার জীবনে তাঁর কাজ বুঝতে পারা প্রয়োজন।

আপনার অবশ্যই বোঝা প্রয়োজন তিনি আপনাকে কী দিতে এসেছেন, যেন আপনি খ্রীষ্ট যীশুতে উপলব্ধ অসাধারণ জীবন উপভোগ করতে পারেন এবং সেই উপহার (১ করিন্থীয় ১২:৮-১০) এবং ক্ষমতা (লুক ২৪:৪৯, প্রেরিত ১:৪-৮) গ্রহণ করতে পারেন যা তাঁর মাধ্যমে আপনার জন্য উপলব্ধ রয়েছে।



**পবিত্র আত্মা কে?**

পবিত্র বাইবেলের বিভিন্ন অংশে, আমরা পবিত্র আত্মার উল্লেখ খুঁজে পাই।

- পুরাতন নিয়মে, আমরা তাকে দেখি অসাধারণ কিছু করার জন্য শক্তিদানকারী এবং এক ক্ষমতা হিসেবে (বিচারকর্তৃগণ ১৪:৬, ১৯)।

- নতুন নিয়মে, আমরা তাঁকে যীশুর জন্ম, সুসমাচারকার্য্য এবং জীবনে আরোও বেশী প্রকটভাবে দেখেছি (লুক ৪:১৮)।

- প্রেরিত ২:১-৪ এ পবিত্র আত্মাকে যীশুর শিষ্যদের জীবনে নানা কাজ করতে দেখা গেছে।

- তিনি ঈশ্বর। তিনি একজন ঐশ্বরিক ব্যক্তিত্ব এবং তিনি ত্রিত্বের তৃতীয় সত্বা (যোহন ১৪:১৬-১৭, যোহন ১৫:২৬)।

- তিনি সময়ের আগে থেকেই উপস্থিত আছেন (আদিপুস্তক ১:২)।

- তিনি ঈশ্বরের ক্ষমতার প্রকাশ। অন্যকথায়, তিনি ঈশ্বরের সেই অংশ যা পিতা যে বাক্য বলেন

Page no. 49

তা সাধন করে (আদিপুস্তক ১)।

- তিনি প্রেম, শক্তি এবং সুবুদ্ধির আত্মা (২ তীমথি ১:৭)।

- তিনি স্বাধীনতার আত্মা (২ করিন্থীয় ৩:১৭)।

**পবিত্র আত্মা কী নয়?**

এটাও লক্ষণীয় যে পবিত্র আত্মা কোনও শক্তি, বাতাস, তেল বা পাখি নয়, যদিও শাস্ত্রে আমরা তাঁকে এইরকম প্রতীকী হিসেবেই দেখি। তিনি কোনো "ভাষা" নন, যদিও তিনি কথা বলার জন্য বাকশক্তি দিয়ে থাকেন। তিনি কোনো "শক্তি" নন, কিন্তু তিনি আমাদের ঈশ্বরের শক্তিতে আনেন। তিনি সেই আত্মা নন যা আপনাকে পুনরায় ভয়ের বাঁধনে আনেন(রোমীয় ৮:১৫), কিন্তু তিনি স্বাধীনতার আত্মা (২ করিন্থীয় ৩:১৭)।

Page no. 50

**কেন আমাদের পবিত্র আত্মা প্রয়োজন ?**

- পবিত্র আত্মা আমাদের ঐশ্বরিক শক্তি দান করেন (প্রেরিত ১:৮)। "Power" বা "শক্তি" কথাটি গ্রীক শব্দ "dunamis" থেকে এসেছে, যার আসল মানে হল "কোনোকিছু পরিবর্তনের জন্য গতিশীল ক্ষমতা।" এটা ঘটে যখন পবিত্র আত্মা আমাদের মধ্যে বাস করার জন্য আসেন। তিনি আমাদের এবং অন্যদের জীবনের বিষয়গুলি পরিবর্তন করার ক্ষমতা আমাদের দিয়েছেন।

- তিনি আমাদের সুসমাচার প্রচারের দৃঢ়তা দিয়েছেন (মথি ২৮:১৮-২০, মার্ক ১৬:১৫-১৮)।

- তিনি আমাদের পথনির্দেশ দেন এবং পরিচালনা করেন (যোহন ১৬:১৩, রোমীয় ৮:১৪)।

- তিনি আমাদের বিশ্রাম দেন (যোহন ১৪:১৮, প্রেরিত ৯:৩১)।

- তিনি আমাদের নির্দেশ দেন এবং শিক্ষা দান করেন (যোহন ১৪:২৬, ১ করিন্থীয় ২:১১-১২)।

- তিনি আমাদের সঙ্গে পথ চলেষ এবং তিনি আমাদের দৈনন্দিন জীবনের অঙ্গ (যোহন ১৪:১৬)।



- তিনি আমাদের আত্মার সাক্ষ্য বহন করেন যে আমরা ঈশ্বরের সন্তান, এবং ফলস্বরূপ খ্রীষ্ট যীশুতে তাঁর স্বর্গীয় ধনের দায়াধিকার (রোমীয় ৮:১৬; ইফিষীয় ৩:৬)।

- তিনি আমাদের স্বাধীনতা দিয়েছেন ভালোবাসায় ঈশ্বরকে পাওয়ার (রোমীয় ৮:১৫, ২ করিন্থীয় ৩:১৭; ২ তীমথি ১:৭)।

## আপনি পবিত্র আত্মার সঙ্গে একটি সুসম্পর্ক রাখতে পারেন

যোহন ১৪:১৭ তে যীশু বলেছেন, "**তিনি সত্যের আত্মা; জগৎ তাঁহাকে গ্রহণ করিতে পারে না, কেননা সে তাঁহাকে দেখে না, তাঁহাকে জানেও না; তোমরা তাঁহাকে জান, কারণ তিনি তোমাদের নিকটে অবস্থিতি করেন ও তোমাদের অন্তরে থাকিবেন।**"

পবিত্র আত্মার সঙ্গে সুসম্পর্ক থাকার ফলে আপনি আপনার জীবনে তাঁর উপস্থিতি বুঝতে পারবেন এবং তাঁর মন্ত্রীত্বে চলতে পারবেন। আপনার অবশ্যই তাঁর সঙ্গে যোগাযোগ স্থাপন করে তাঁর সঙ্গে

সময় কাটানো উচিৎ এবং তাঁকে একজন বন্ধু হিসেবে জানা উচিৎ। আপনি প্রার্থনায় সময় কাটিয়ে, বাক্য অধ্যয়ন করে এবং পবিত্র আত্মাকে অনুরোধ করে এবং আর্জি জানিয়ে এই সুসম্পর্ক রাখতে পারেন।

যখন আপনি নতুন পেয়েছেন, তখন আপনি ঈশ্বরের আত্মায় বাপ্তাইজিত হয়েছিলেন। বাপ্তাইজিত হওয়ার অর্থ হল কোনোকিছুতে সম্পূর্ণরূপে নিমগ্ন হওয়া বা ডুবে যাওয়া। উদাহরণস্বরূপ আপনি একটা রবার বল নিতে পারেন, এবং সেটিকে এক গামলা জলে সেটিকে এমনভাবে ডুবিয়ে দিন যেন বলটা সম্পূর্ণভাবে জলে ডুবে যায়। এটাই ঘটেছে যখন আপনি নতুনজন্ম পেয়েছেন - আপনি পবিত্র আত্মায়, নিমজ্জিত হয়েছিলে, সেই বলটির মত।

কিন্তু আপনি জানেন, বলটির জন্য একটি ব্যাপার হল জলের দ্বারা ঢেকে যাওয়া এবং আরেকটি অন্য ব্যাপার হল জলে পুরোপুরি পূর্ণ হওয়া এবং ঢেকে যাওয়া। বলটার জলে পূর্ণ হতে গেলে জলকে বলের মধ্যে প্রবেশের অবশ্যই একটি উপায় থাকতে হবে। অন্যভাবে বললে, বলের উপদানকে জলকে ভেতরে প্রবেশ করতে দিতে হবে। একইভাবে, যখন আপনি নতুন জন্ম পেয়েছেন, আপনাকে অবশ্যই আপনার মধ্যে পবিত্র আত্মাকে গ্রহণ করতে হবে এবং তাঁর দ্বারা পূর্ণ হতে হবে।

আবার, পবিত্র আত্মায় পূর্ণ হওয়া কোনো একক অভিজ্ঞতা নয় যে সেটা সারাজীবনে একবারই ঘটে। বরং এটা একটি ক্রমাগত, দৈনন্দিন অভিজ্ঞতা (ইফিষীয় ৫:১৮)। এটি তাঁর উপস্থিতির প্রতি আপনার সচেতনতা এবং আপনার জীবনে তাঁর মন্ত্রীত্বের স্বীকৃতির সাথে সম্পর্কযুক্ত। আপনি অবিরত পবিত্র আত্মায় পূর্ণ হতে পারেন, যেভাবে আপনি তাঁর সঙ্গে আপনার সহভাগিতায বৃদ্ধি



পান , আরাধনা, প্রার্থনা, বাক্যপাঠ এবং নিয়মিত তাঁর নির্দেশ এবং আদেশের মাধ্যমে। এইভাবেই, আপনি ঈশ্বরের আত্মার নেতৃত্বে চলতে পারেন।

## আত্মার ভাষায় কথা বলা

আমি আগে যেমন উল্লেখ করেছি, পবিত্র আত্মা ঈশ্বরের সন্তানদের আত্মার ভাষায় কথা বলার

বাকশক্তি দেন। বিভিন্ন চিহ্নগুলির মধ্যে একটি যা ঈশ্বরের বলেছেন যে বিশ্বাসীদের অবশ্যই অনুসরণ করা উচিৎ তা হল তাদের আত্মার ভাষায় কথা বলতে হবে (মার্ক ১৬:১৭)।

এটা একটা আত্মিক এবং ঐশ্বরিক সক্ষমতা যার দ্বারা একজন বিশ্বাসী সরাসরিভাবে তার আত্মা থেকে ঈশ্বরের সাথে যোগাযোগ করতে পারে, এবং এটি পবিত্র আত্মার দ্বারা একটি উপহার হিসেবে আপনাকে দান করা হয়েছে।

কখনো কখনো আত্মার ভাষায় কথা বলা "আত্মায় প্রার্থনা করা" বিষয়টিকে বোঝায়। যখন আমরা আত্মার ভাষায় কথা বলি, আমরা সরাসরি ঈশ্বরের সঙ্গে কথা বলি (১ করিন্থীয় ১৪:৪) এবং আমাদের আত্মা সংশোধিত হয় বা গেঁথে ওঠে ( যিহুদা ১:২০)। আমাদের আত্মা একইসঙ্গে শক্তিযুক্ত এবং সতেজ হয় (যিশাইয় ৪০:৩১)।

একবার যখন আপনি পবিত্র আত্মা পেয়েছেন, আপনি আত্মার ভাষায় নিজের পছন্দমত যে কোনো সময় কথা বলতে পারেন। তিনি আপনার মাধ্যমে কথা বলেন না, কিন্তু তিনি আপনাকে কথা বলার ক্ষমতা দেন। তাই আপনি এগিয়ে যেতে পারেন এবং যখনই আপনি চান তখনই প্রভুর সাথে আত্মার ভাষায় কথা বলতে পারেন।



যখন আপনি আত্মার ভাষায় কথা বলতে শুরু করেন, আপনি দৈনন্দিন অনুশীলনের মাধ্যমে আরো বেশী সাবলীল হয়ে উঠবেন। এটা অনেকটা একটা ছোটো বাচ্চার মত যে সবেমাত্র তার প্রথম কিছু শব্দ বলেছে। যত সে কথা বলা অনুশীলন করবে, তত সাবললীলতা সে পাবে। আত্মার ভাষায় কথা বলার ক্ষেত্রেও একইরকম ঘটে। এটা একটা নতুন ভাষা, এবং একইসঙ্গে এটা আপনার শেখারও প্রয়োজন নেই। আপনি যত ক্রমাগত বলতে থাকবেন, তত বেশী সাবলীল হয়ে উঠবেন।

একইসাথে, যেহেতু আপনি প্রায়শই আত্মার ভাষায় কথা বলেন, এটি আপনার আত্মিক বৃদ্ধিকে সমৃদ্ধ করবে এবং আপনাকে অন্যান্য উপহার এবং ঈশ্বরের আত্মার প্রকাশের পথে নেতৃত্ব দেবে।

Page no. 56

Empy

Page no. 57

## আপনার কি অবশ্যই মন্ডলীতে যাওয়া উচিৎ?

মথি ১৬:১৮ তে, যীশু তাঁর মন্ডলীর কথা বলেছেন, যা এই পৃথিবীতে তাঁর দেহস্বরূপ, এবং বলেছিলেন তিনি এটি নির্মাণ করবেন এবং নরকের দরজা এর বিরুদ্ধে দাঁড়াতে পারবে না।

"কেননা যেমন দেহ এক, আর তাহার অঙ্গ প্রত্যঙ্গ অনেক, এবং দেহের সমুদয় অঙ্গ, অনেক হইলেও, এক দেহ হয়, খ্রীষ্টও সেইরূপ। ফলতঃ আমরা কি যিহূদী কি গ্রীক, কি দাস কি স্বাধীন, সকলেই এক দেহ হইবার জন্য একই আত্মাতে বাপ্তাইজিত হইয়াছি, এবং সকলেই এক আত্মা হইতে পায়িত হইয়াছি। আর বাস্তবিক দেহ একটী অঙ্গ নয়, অনেক" (১ করিন্থীয় ১২:১২-১৪)।

আমরা দেহ এবং খ্রীষ্ট মস্তক। সমস্ত খ্রীষ্টিয়ান (যারা নতুন জন্ম পেয়েছে) তার দেহের অঙ্গ, এবং পরস্পর পরস্পরের অঙ্গ (১ করিন্থীয় ১২:২৭)। এবং মানবদেহের মতই বিচ্ছিন্ন হয়ে কোনো অঙ্গই কাজ করতে পারে না, খ্রীষ্টের দেহের আলাদা আলাদা অঙ্গগুলিও কার্যকরীভাবে নিজে নিজে কাজ করতে পারে না। এটা হয় কারণ ঈশ্বরের মন্ডলীর সদস্যদের আলাদা আলাদা উপহার দিয়েছেন ও আলাদা ভাবেই আহ্বান করেছেন, যেন সমগ্র মন্ডলী উপকৃত হতে পারে (১ করিন্থীয় ১২:১৮-২৪; ইফিষীয় ৪:১১-১২)।

অতএব মন্ডলীতে যাওয়া হল ঈশ্বরের ইচ্ছার প্রতি বাধ্যতায় থাকা, আমাদের পরস্পরকে ঈশ্বরের বিভিন্ন উপহার - অলৌলিক কাজ, সুস্থতা, ভাববাণী ইত্যাদিতে আশীর্বাদ করা এবং নির্মাণ করার জন্য সক্রিয় করে তোলা।

Page no. 58

আপনার নিজের দ্বারা বাক্যে চলা একটি কঠিন কাজ হয় যখন আপনি একটি আত্মা-পূর্ণ মন্ডলীতে না যান। এইভাবে, এইরকম কোনো মন্ডলীতে সম্পূর্ণ অংশগ্রহণ আপনাকে মন্ডলীর এবং তার সদস্যদের বিষয় আরোও জানতে সাহায্য করে। আপনি আপনার আত্মাকে (আপনার অন্তস্থিত ব্যক্তি) পরিপক্কতায় বিকশিত করতেও সক্ষম হন। এটি আপনার বাক্যে পথ চলাকে আরোও সহজ করে এবং আপনাকে আরোও উৎপাদনশীল হয়ে উঠতে সাহায্য করে।

একজন খ্রীষ্টিয়ান হিসেবে, আপনার অবশ্যই স্থানীয় সংগঠনে যাওয়া উচিৎ, একটি মন্ডলীকে

Page no. 59

আপনি আপনার বাড়ি বলতে পারেন এবং তার সমস্ত কাজে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করতে পারেন। নয়তো, আপনি নিজেকে ঈশ্বরের এই প্রচুর আশীর্বাদ থেকে বঞ্চিত করবেন এবং পথ চলতে গিয়ে তাঁর বাক্যের বাইরে বেরিয়ে যাবেন।

এখন যে আপনি নতুনজন্ম পেয়েছেন, তাই আপনি কে এই সচেতনায় চলুন এবং সাধুদের সমাবেশ কখনো ত্যাগ করবেন না (ইব্রীয় ১০:২৫) - মন্ডলীতে যান !

Page no. 60

## বেড়ে উঠুন

পবিত্র বাইবেল বলে যে যেহেতু আপনি ঈশ্বরের বাক্য শোনেন, বিশ্বাস আপনর কাছে আসে। আমি নিম্নলিখিত বার্তাগুলো আপনার আত্মিক বৃদ্ধির জন্য সুপারিশ করছি। এই বার্তাগুলি সাজানো হয়েছে আপনাকে দেখানোর জন্য কীভাবে ফলদায়ক এবং উৎপাদনশীল হতে হয় এবং শুধু সেইগুলো করে আপনার অন্তরে বিশ্বাস বৃদ্ধি করা যায়।

সেগুলি গ্রহণ করুন। সেগুলো শুনুন। বাক্যকে কাজ করতে দিন এবং আপনার জীবনে রূপান্তর দেখুন।

১. এখন আপনি নতুনজন্ম পেয়েছেন (১ টেপ)

২. খ্রীষ্টিয়ানিটির বিশ্লেষণ (১ টেপ)

৩. বাক্যে বৃদ্ধি পাওয়া (১ টেপ)

৪. পরিপক্কতায় বৃদ্ধি পাওয়া

৫. আপনার আত্মাকে গঠন (১ টেপ)

৬. পবিত্র আত্মায় পূর্ণ হওয়া (১ টেপ)

৭. বাক্যে বিজয় (১ টেপ)

৮. খ্রীষ্টের মধ্যবর্তী জীবন : নতুন মানুষ

৯. খ্রীষ্টে নতুন মানুষ : একটি ভূমিকা



**INDIA:**

**Christ Embassy,**

**Plot No. 380/400, Behind Suvidhya School,**

**RSC 26, Gorai-2, Borivali (west)**

**Mumbai. Pin 400091**

**Ph: +91-9819840851, +91- 9930314701**

**UNITED KINGDOM:**

**Believers' LoveWorld**

**Unit C2, Thames View**

**Business Centre**

**Barlow Way, Rainham**

**Essex, RM13 8BT**

**Tel: +44(0)170 855 6604**

**NIGERIA:**

**Christ Embassy**

**Plot 97, Durumi District,**

**Abuja, Nigeria.**

**Nigeria:**

**LoveWorld Conference Center**

**Kudirat Abiola Way, Oregun**

**P.O. Box 13563 Ikeja, Lagos.**

**Tel: +234-808 586 5700,**

**+234-817 198 7339**

**+234-802 478 9892-3**



**USA:**

**Christ Embassy Houston**

**8623 Hemlock Hill Drive**

**Houston Texas 77083**

**Tel: +1 281 759 5111;**

**+1 281 759 6218**

**USA:**

**Christ Embassy Int'l Office**

**200 E Arrowhead Drive**

**Suite W-3**

**Charlotte, NC 28213**

**Tel: +1-972-255-1787,**

**+1-704-780-4970**

**SOUTH AFRICA:**

**303, Pretoria Avenue**

**Cnr. Harley and Braam Fischer, Randburg,**

**Gauteng South Africa.**

**Tel: +27 11 3260971**

**+27 11 3260972**



**CANADA**

**600 Clayson Road,**

**North York Toronto M9M 2H2 Canada**

**Tel/Fax:+1-416-746 5080**

**email: info@loveworldbooks.org**

**website: www.loveworldbooks.org**

**© copyright 1999**

**LoveWorld Publishing**

**BACK PAGE**

**লেখক পরিচিতি**

পাস্টার ক্রিস ওয়াথিলোম, ডি.এসসি., ডি.ডি., গতিশীল, বহুমুখী, বিশ্ব মন্ত্রক, বিলিভারস্' লাভ ওয়ার্ল্ড ইনক. (Believers' LoveWorld Inc.) এর অধিষ্ঠাতা। একজন পাস্টার, শিক্ষক, সুস্থতা দানকারী প্রচারক, দূরদর্শনের সঞ্চালক, এবং একজন জনপ্রিয় লেখক হিসেবে, পাস্টার ক্রিসের উদ্দেশ্য হল ঈশ্বরের উপস্থিতির সাহায্যে বিশ্ববাসীর কাছে বার্তা পৌঁছে দেওয়া— একটি ঐশ্বরিক কর্মভার তিনি বিভিন্নভাবে প্রসারিত করেছেন, বহু ক্রুসেডে, পাশাপাশি আরও কয়েকটি ক্ষেত্রের মাধ্যমে ৩০ বছরেরও বেশি সময় ধরে সেই উদ্দেশ্য পূরণ করেছেন যা লক্ষ লক্ষ মানুষকে ঈশ্বরের বাক্যে একটি বিজয়ী এবং উদ্দেশ্যমূলক জীবনের অভিজ্ঞতা অর্জন করতে সহায়তা করেছে।

তিনি একজন বিখ্যাত লেখক, বিশ্বের শীর্ষস্থানীয় দৈনিক উপাসনা, "র‍্যাপসডি অফ রিয়্যালিটিস" যা মাসে ২৪২টিরও বেশী দেশে ১০০০টিরও বেশী ভাষায় সরবরাহিত হয়। তিনি সেইসাথে আরোও ৩০টিরও বেশি বইয়ের রচয়িতা।

পাস্টার ক্রিস একটি অফলাইন প্রার্থনার নেটওয়ার্কের (@PastorChrisLive on KingsChat) মুখ্যকর্তা যেখানে বিশ্বজুড়ে খ্রীষ্টিয়ানরা প্রার্থনা এবং কথোপকথনে যুক্ত হতে পারে, এবং "অ্যাটমোস্ফিয়ার ফর মিরাকলস" ("Atmosphere For Miracles") এমন একটি অনুষ্ঠান যা আপনার বাড়িতে ঈশ্বরের ঐশ্বরিক উপস্থিতি নিয়ে আসে। তাঁর দূরদর্শন মন্ত্রকের পরিধি

বিশ্বব্যাপী বিস্তৃত, লাভ ওয়ার্ল্ড উপগ্রহ (LoveWorld satellite) দূরদর্শন নেটওয়ার্কগুলি বিশ্বব্যাপী দর্শকদের কাছে গুণগত খ্রীষ্টিয়ান অনুষ্ঠান সরবরাহ করে।

বিশ্ববিখ্যাত "হিলিং স্কুল" (Healing School) পাস্টার ক্রিসের একটি মিনিস্ট্রি যা যীশুখ্রীষ্টের সুস্থতার কাজগুলি প্রকাশ করছে এবং অনেককে আত্মার উপহারের কাজের মাধ্যমে সুস্থ হতে সাহায্য করছে।